

স্মারক নং-৩৮.৪৬.৯০০০.০০০.২৫.০০১.২৩.২৩৯০

তারিখ : ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাঠদানের অনুমতি ও নিবন্ধন গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : এস আর ও নং-৩০১ আইন/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাঠদানের অনুমতি ও নিবন্ধন গ্রহণের নিমিত্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক “বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০২৩” প্রণীত হয়েছে।

২। উক্ত বিধিমালার আওতায় আপনার প্রতিষ্ঠানটির পাঠদানের অনুমতি ও পরবর্তীতে নিবন্ধন গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

৩। সুনাংগঞ্জ জেলাধীন বিভিন্ন উপজেলার উপজেলা শিক্ষা অফিসারগণের নিকট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যায় যে, আপনার পরিচালিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়টির বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক “পাঠদানের অনুমতি”/“নিবন্ধন” এখনো সম্পন্ন হয়নি।

৪। এ অবস্থায়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১১ নভেম্বর ২০২৩ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ অনুযায়ী আপনার পরিচালিত প্রতিষ্ঠানের “পাঠদানের অনুমতি”/“নিবন্ধন” সম্পন্নকরণের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে নির্ধারিত ফরম অনুসারে যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন করে “পাঠদানের অনুমতি”/“নিবন্ধন” প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩।

মোহন লাল দাস

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
সুনাংগঞ্জ

ফোন : ০২৯৯৮৮৪২১১০

ই-মেইল : dpeosunam@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

..... কিন্ডার গার্টেন/প্রাথমিক বিদ্যালয়,  
উপজেলা : ....., জেলা : .....

স্মারক নং-৩৮.৪৬.৯০০০.০০০.২৫.০০১.২৩.২৩৯০(১৫)

তারিখ : ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

০২। জেলা প্রশাসক, সুনাংগঞ্জ।

০৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।

০৪। উপজেলা শিক্ষা অফিসার (সকল), সুনাংগঞ্জ। তাঁর উপজেলার আওতাধীন সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভায় আলোচনাপূর্বক গেজেটের কপি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। সংরক্ষণ নথি।

মোহন লাল দাস

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
সুনাংগঞ্জ